বিজ্ঞপ্তি নং- বিজিএ/সিএমসি/২০২৫/২৪০

তারিখঃ ০৪ নভেম্বর, ২০২৫

# সকল সম্মানিত সদস্যের জন্য

**বিষয়ঃ আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে, কারখানা কর্তৃপক্ষ শ্রম অসন্তোষ সংগঠিত হওয়ার মত কোন কার্যক্রম গ্রহণের পূর্বে আইন-শৃঙ্খলা বাহিনীসহ সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিতকরণ প্রসঙ্গে।**

সম্প্রতি বাংলাদেশ সেনাবাহিনীর ৯ পদাতিক ডিভিশনের জিওসি ও এরিয়া কমান্ডার মেজর জেনারেল এস এম আসাদুল হক, এনডিসি, পিএসসি সাথে বিজিএমইএ এর আইন-শৃঙ্খলা বিষয়ক মত বিনিময় সভার আলোচনা মোতাবেক বিজিএমইএ'র সম্মানিত সদস্যদের জানানো যাচ্ছে যে, লক্ষ্য করা যাচ্ছে কিছু কিছু কারখানা স্বাভাবিক এর চেয়ে বেশী সংখ্যায় শ্রমিকদের শোকজ/সাসপেন্ড/ছাঁটাই/টার্মিনেশান এছাড়া লে-অফ/১৩(১) ধারা (অনির্দিষ্ট কালের জন্য বন্ধ) প্রয়োগ করছে। যার ফলশ্রুতিতে আইন-শৃঙ্খলা বাহিনীর পক্ষে পরিস্থিতি স্বাভাবিক রাখা কঠিন হয়ে পড়ছে, অন্যদিকে উক্ত ইস্যুগুলোকে কেন্দ্র করে কারখানায় ভাংচুর, দাঙ্গা-হাঙ্গামা, মারামারি ও সড়ক অবরোধ করে জানমালের ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে।

এমতাবস্থায়, আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে, যদি কোন কারখানায় স্বাভাবিক এর চেয়ে অধিক সংখ্যক **শ্রমিক-কর্মচারীকে শোকজ / সাসপেন্ড / ছাঁটাই / টার্মিনেশান এ ছাড়া লে-অফ / ১৩(১) ধারা (অনির্দিষ্ট কালের জন্য বন্ধ)** প্রয়োগ করার প্রয়োজনীয়তা দেখা দেয় **অথবা শ্রম অসন্তোষ সংগঠিত হওয়ার সম্ভাবনা তৈরী হতে পারে এ ধরনের কোন সিদ্ধান্ত গ্রহণ করার পূর্বে কমপক্ষে ৩ কার্যদিবস আগে কারখানা কর্তৃপক্ষকে আইন-শৃঙ্খলায় নিয়োজিত বাংলাদেশ সেনাবাহিনী, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, সংশ্লিষ্ট থানা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, বিজিএমইএ, গোয়েন্দা সংস্থাসমূহকে অবহিত করার জন্য** বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। অন্যথায় আইন-শৃঙ্খলা বাহিনীর পক্ষ থেকে চাহিদা অনুযায়ী ফোর্স মোতায়েনসহ উন্নত সার্ভিস প্রদান করা কঠিন হবে।

উক্ত বিষয়ে আপনাদের সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,

মোঃ রেজওয়ান সেলিম
সহ-সভাপতি, বিজিএমইএ

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org